ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর

তারিখ...
পৃষ্ঠা... 6 কলাম 5...

# কৃষি বিশ্ববিদ্যালয়ের খবর

জাতীয় প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়ে সেবার মনোভাব নিয়ে কাজ করার উদাত্ত আহবান জানিয়ে উপাচার্য প্রফেসর ডঃ মুহাম্মদ আসাদুর রহমান বলেছেন, ছাত্র-ছাত্রীরা যাতে সুস্থ পরিবেশে সুন্দরভাবে পড়াশুনা ও গবেষণাকার্য চালাতে পারে সেদিকে সকলের নজর রাখতে হবে।

উপাচার্য ডঃ রহমান বিশ্ববিদ্যালয়ের জয়নুল আবেদীন মিলনায়তনে অনুষ্ঠিত কর্মচারী সমিতির অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। সমিতির বিদায়ী সভাপতি জনাব ওমর আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর মু, মুস্তাফিজুর রহমান, রেজিস্ট্রার জনাব আ, খ, ম মকবুল ইসলাম ও ট্রেজারার জনাব মোঃ জিয়াউল ইসলাম। নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে জনাব ইদ্রিস আলী ও জনাব মোঃ হাফিজউদ্দিন আকন্দ এবং বিদায়ী সাধারণ সম্পাদক জনাব আবদুস সালাম বক্তব্য রাখেন।

সমিতির নবনির্বাচিত কার্যকরী সংসদকে অভিনন্দন জানিয়ে উপাচার্য ডঃ রহমান বলেন যে, বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের ন্যায়সংগত দাবী পূরণ করা হবে। তবে অযৌক্তিক ও অন্যায় দাবী তিনি মেনে নেবেন না।

বাংলাদেশের মত কৃষি প্রধান দেশে কৃষি ও কৃষকের উন্নয়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়কে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

এর আগে সমিতির কার্যকরী সংসদের নবনির্বাচিত কর্মকর্তাবৃন্দকে শপথ বাক্য পাঠ করান নির্বাচন পরিচালক জনাব মোঃ লিয়াকত আলী।

**সমাজের দুর্নীতি দূর করে ন্যায়-নীতি প্রতিষ্ঠার আহবান**

উপাচার্য প্রফেসর ডঃ মুহাম্মদ আসাদুর রহমান বর্তমান সমাজের দুর্নীতি দূর করে ন্যায়-নীতি প্রতিষ্ঠার জন্য বিদায়ী ছাত্র-ছাত্রীদের প্রতি আহবান জানিয়েছেন।

কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরীর সম্মুখে অনুষ্ঠিত শেষ বর্ষের ছাত্র-ছাত্রীদের সমাপনী উৎসব-১৯৮৯ এর উদ্বোধনী ভাষণে ডঃ আসাদুর রহমান বলেন, জাতীয় উন্নয়নের স্বার্থে সততা ও যোগ্যতা দিয়ে দেশ ও জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে যাতে বিশ্ববিদ্যালয়ের সম্মান ও গৌরব বৃদ্ধি পায়।

দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে সমাপনী উৎসব-১৯৮৯-এর উদ্বোধনী অনুষ্ঠান কিছুটা বিলম্বিত হলেও উৎসবের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে ছাত্র-ছাত্রী, অনুষদীয় ডীন, হল প্রভোস্ট, শিক্ষক, প্রক্টর, ছাত্র বিষয়ক উপদেষ্টা ও প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সমাপনী উৎসবের কর্মসূচীর মধ্যে ছিল বিদায়ী ছাত্র-ছাত্রীদের র‍্যালী, বিশ্ববিদ্যালয়ের মুক্ত মঞ্চে সাংস্কৃতিক কার্যক্রম, স্বেচ্ছায় রক্তদান, বৃক্ষরোপণ, প্রীতি ভলিবল খেলা, লাকী কুপন ড্র ও সাংস্কৃতিক সন্ধ্যা। শেষ বর্ষের বিদায়ী ছাত্র-ছাত্রীদের শপথ বাক্য পাঠ করান উপাচার্য ডঃ আসাদুর রহমান।

**আধুনিক কৃষি পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহারের ওপরে গুরুত্বারোপ**

সামাজিক দৃষ্টিভংগির সংস্কার ও মন মানসিকতার পরিবর্তন ঘটানোর জন্য আধুনিক কৃষি শিক্ষা ও কৃষি প্রযুক্তির ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করে উপাচার্য প্রফেসর ডঃ মুহাম্মদ আসাদুর রহমান বলেছেন, বাংগালী জাতি হিসেবে আমরা গৌরব বোধ করতে পারব না যদি না আমরা শিক্ষাংগনে সুস্থ পরিবেশ বজায় রাখতে পারি। তিনি বলেন, বাংলাদেশের সার্বিক পরয়োজনে কৃষি শিক্ষার পরিকল্পনায় উন্নয়ন সাধন করতে হবে।

কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ সমিতি কর্তৃক আয়োজিত নবীন বরণ অনুষ্ঠানে উপাচার্য ডঃ আসাদুর রহমান একথা বলেন। অনুষদীয় ডীন প্রফেসর মিস জিন্নত আরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত নবীন বরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহীদুল ইসলাম। ডঃ মোঃ শহীদুল্লাহ তালুকদার, বাকসুর সাধারণ সম্পাদক সৈয়দ এ কে এম আসাদুল আমিন দাদন ও শেখ মোঃ কামাল অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

বক্তারা কৃষি প্রকৌশলীদের চাকরি ও পেশাগত সমস্যার বিভিন্ন দিক ব্যাখ্যা করে একটি স্বতন্ত্র "কৃষি প্রকৌশলীদের ডাইরেক্টরেট" স্থাপনের জোর দাবী জানান।

**১ জুলাই ২য় পর্বের ক্লাস শুরু**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদের ১৯৮৭-৮৮ শিক্ষা বর্ষের স্নাতক কৃষি অর্থনীতি (সম্মান) ২য় পর্বের ক্লাস আগামী ১লা জুলাই শুরু হবে।

---

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের নবনির্বাচিত ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠান সম্প্রতি কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

কলেজের অধ্যক্ষ ডঃ মোহাম্মদ আবদুল কাদের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন